

# রাজশাহী কলেজে বহিরাগত যুবকের অনুপ্রবেশ, যুবক আটক

স্টাফ রিপোর্টার, রাজশাহী

প্রকাশিত: ১৯:৫৬, ১৭ মে ২০২৫



ছবি: জনকণ্ঠ

×

রাজশাহী কলেজের ক্লাস চলাকালীন ছাত্রীদের উত্ত্যক্তের অভিযোগে বহিরাগত এক যুবককে আটক করে পুলিশে সোপর্দ করা হয়েছে। আটক যুবকের নাম কৃষ্ণকুমার

ঘোষ। তিনি রাজশাহী নগরের বাসিন্দা হলেও রাজশাহী কলেজের শিক্ষার্থী নন।

২

শনিবার দুপুর আড়াইটার দিকে কলেজের বাংলা বিভাগের শিক্ষার্থীরা তাকে আটক করে বোয়ালিয়া থানা পুলিশে হস্তান্তর করেন। জানা গেছে, আটক কৃষ্ণকুমার অন্য এক শিক্ষাপ্রতিষ্ঠানে ইন্টারমিডিয়েট পর্যন্ত পড়াশোনা করেছেন।

৩

প্রত্যক্ষদর্শী শিক্ষার্থীরা জানান, বাংলা বিভাগের অনার্স তৃতীয় বর্ষের ক্লাস চলাকালীন কৃষ্ণকুমার সাধারণ পোশাকে একটি ক্লাসে ঢুকে পড়েন। তবে তার সঙ্গে কোনো ব্যাগ, বই বা খাতা ছিল না। ক্লাসে ঢুকে তিনি বেশ কয়েকজন ছাত্রীর নাম ও পরিচয় জানতে চান। এতে ছাত্রীদের মধ্যে সন্দেহ তৈরি হয় এবং তারা বিষয়টি সহপাঠীদের জানান।

এরপর ক্লাসের ছাত্ররা তাকে রোল নম্বর জিজেস করলে তিনি প্রথমে বলেন ৮৪, পরে বলেন ১৮৪। কিন্তু ওই রোল নম্বরধারী প্রকৃত শিক্ষার্থী সাইফুদ্দিন ক্লাসে উপস্থিত থাকায় সন্দেহ আরও ঘনীভূত হয়।

শিক্ষার্থীরা জানান, ক্লাস শেষে ওই যুবক ছাত্রীদের উদ্দেশে আগ বাড়িয়ে কথা বলার চেষ্টা করেন। তবে জিজ্ঞাসাবাদে ছাত্রীদের কেউই তাকে চেনেন না বলে জানান। পরে

বিভাগের বিভিন্ন বিষয়ে তাকে প্রশ্ন করা হলে তিনি সন্তোষজনক উত্তর দিতে পারেননি। একপর্যায়ে শিক্ষকরা তাকে নিয়ে যান এবং তার কথাবার্তা ও আচরণ সন্দেহজনক মনে হলে বিষয়টি পুলিশকে জানানো হয়।



পরে পুলিশ এসে কৃষ্ণকুমারকে থানায় নিয়ে যায়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে তিনি স্বীকার করেন, তিনি দীর্ঘদিন ধরেই রাজশাহী কলেজের বিভিন্ন বিভাগে ক্লাসে গিয়ে ছাত্রীদের সঙ্গে পরিচিত হওয়ার চেষ্টা করতেন।

এ বিষয়ে রাজশাহী মেট্রোপলিটন পুলিশের (আরএমপি) অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (মিডিয়া) মোহাম্মদ রকিবুল হাসান ইবনে রহমান বলেন, “যাকে আটক করা হয়েছে, তিনি কলেজে ঘুরতে এসেছিলেন। ছাত্রীদের উত্ত্যক্ত করার অভিযোগে তার বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়া হচ্ছে।”